AGHOREKAMINI PRAKASHCHANDRA MAHAVIDYALAYA

(ESTD.-1959)
Accredited by NAAC at 'B' level
AFFILIATED TO THE UNIVERSITY OF BURDWAN & RECOGNIZED BY U.G.C.
SUBHASNAGAR ☆ P.O.- BENGAI ☆ P.S. – GOGHAT ☆ DIST.- HOOGHLY
PIN CODE-712 611 (W.B.)
STD.: 03211 ☎: 246 235 / 246 772, Fax: 913211 246 772,
Email: akpc_m@yahoo.co.in / info@akpcmahavidyalaya.org
Website: www.akpcmahavidyalaya.org

Ref. No. .... Date......২০-০৫-২০১৯

“ প্রথমবর্ষে (২০১৯-২০২০) কলা, বিজ্ঞান, জীববিজ্ঞান ও বাণিজ্য বিভাগের স্নাতক (Hons. & Gen.) শ্রেণীতে ভর্তির তথ্যাবলী / নিয়মাবলী ”

(২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের জন্য)

মহাবিদ্যালয়ে ভর্তির জন্য রেজিষ্ট্রেশন শুরু হবে উচ্চমাধ্যমিকের ফল প্রকাশের দিন থেকে।

১) ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের Registration Fees জমা দেওয়ার পর ভর্তির জন্য বিভিন্ন দফায় মেরিট লিস্ট (Merit List) প্রকাশ ও ভর্তির তারিখ কলেজ ওয়েবসাইট (www.akpcmahavidyalaya.org/ www.akpcmahavidyalaya.com) এ বিজ্ঞপ্তিতে দেওয়া আছে। ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য ওয়েব সাইট-এর বিজ্ঞপ্তি নিয়মিত ভাবে দেখতে হবে ও সেই অনুসারে Fees অনলাইনে জমা দিয়ে ভর্তি হতে হবে।

২)প্রথমবর্ষের (কলা/বিজ্ঞান/জীব বিজ্ঞান /বাণিজ্য) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রী-দের ক্লাস শুরুর তারিখ পরে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে।

৩) এই মহাবিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত ব্যাপারে যে নিয়মাবলী দেওয়া হয়েছে তার বাইরে যদি কোন ছাত্র / ছাত্রী ভর্তি হয়ে থাকে, তাহলে ভর্তিটি আইনত গ্রাহ্য হবে না। কলেজ কর্তৃপক্ষ সেই ভর্তি সংক্রান্ত কোন টাকা ফেরত দেবেন না। এক্ষেত্রে সব দায়িত্ব সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর। কলেজে ভর্তির পর কলেজ ছেড়ে চলে গেলে ভর্তির কোন টাকা ফেরৎ দেওয়া যাবে না।

৪) যদি কোন ছাত্র /ছাত্রী, কোন শাখায় প্রয়োজনীয় নম্বর না থাকা সত্ত্বেও ভর্তি হয়ে যায় সেক্ষেত্রে ভর্তি বাতিল হবে ।

৫) সরকারী নিয়ম অনুযায়ী SC, ST, OBC(General), OBC(Religious Minority) এবং PH দের আসন সংরক্ষণ করা হবে ।

৬) অনলাইন ভর্তি চলাকালীন ছাত্রছাত্রীদের কোনোরকম সার্টিফিকেট

ভেরিফিকেশনের জন্য কলেজে আসার প্রয়োজন নেই। প্রথমবর্ষের ক্লাস আরম্ভ হওয়ার একমাসের মধ্যে সমস্ত সার্টিফিকেটের ভেরিফিকেশন করা হবে। তখনই নিম্নলিখিত কপিগুলি অবশ্যই দাখিল করতে হবে ও মূলকপিগুলি দেখাতে হবে।

ক) Online Admission Form, Online Registration Fees Submission and Online Admission Fees Submission Receipts.

খ) মাধ্যমিকের ADMIT, REGISTRATION এবং MARK SHEET এর স্বপ্রত্যয়িত জেরক্স কপি ।

গ) উচ্চমাধ্যমিকের ADMIT, REGISTRATION এবং MARK SHEET এর স্বপ্রত্যয়িত জেরক্স কপি ।

ঘ) SC, ST, OBC(General), OBC(Religious Minority) এবং PH -এর সরকারী সার্টিফিকেট এর স্বপ্রত্যয়িত জেরক্স কপি (যাদের ক্ষেত্রে প্রযোজ্য)।

ঙ) এক কপি রঙিন সাম্প্রতিক্ পাসপোর্ট সাইজের ফটো।

চ) যে বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক পাশ করেছে সেখানকার স্কুল লিভিং সার্টিফিকেট/ক্যারেকটার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত জেরক্স কপি ।

৭) ভর্ত্তির পর শ্রেণীকক্ষে বিশ্ববিদ্যালয় / উচ্চশিক্ষা দফতর / মহামান্য হাইকোর্টের নির্দেশানুসারে ৭৫% হাজিরা থাকতে হবে নচেৎ রেগুলার ছাত্র ছাত্রী হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হতে হবে ।

র‍্যাগিং এর প্রতি অঘোরকামিনী প্রকাশচন্দ্র মহাবিদ্যালয় এর মনোভাব।

- র‍্যাগিং সংক্রান্ত বিষয়ে এই মহাবিদ্যালয় সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসরন করে।
- এই মহাবিদ্যালয় West Bengal Prohibition of Ragging in Educational Institutions Act, 2000 ও অনুসরন করে।
- উপরোক্ত নির্দেশিকা অনুযায়ী :-
- ‘র‍্যাগিং’ বলতে বোঝায় -

* কোনও ছাত্র-ছাত্রীকে উত্যক্ত করা, কাউকে নিয়ে মজা করার উদ্দেশ্যে অত্যাচার করা বা আঘাত দেওয়া।

* কোনও ছাত্র-ছাত্রীকে তার ইচ্ছার বিরুদ্ধে কিছু করতে বাধ্য করা (বিশেষত: শিক্ষাপ্রতিষ্ঠানের পক্ষে আপত্তিকর কিছু)।

- র‍্যাগিং নিষিদ্ধকরণ :-

* এই নির্দেশিকা অনুযায়ী র‍্যাগিং নিষিদ্ধ।

* কেউ যেন র‍্যাগিং-এ অংশ গ্রহন না করে বা মদত না দেয়।

- র‍্যাগিং এর শাস্তি :-

* শিক্ষাপ্রতিষ্ঠান থেকে বহিষ্কার।

* কারাবাস (দু-বছর পর্যন্ত) বা পাঁচ হাজার টাকা জরিমানা বা দুইই।

* যদি কোনও ছাত্র-ছাত্রী 3(b) ধারায় অভিযুক্ত হয় এবং অপরাধী সাব্যস্ত হয়, তাহলে তাকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে বহিষ্কার করা হবে এবং তাকে পুনরায় ওই প্রতিষ্ঠানে ভর্তি করা হবে না।

ছাত্রবাস/ছাত্রীনিবাস বা মহাবিদ্যালয় প্রাঙ্গনে যদি কোনও র‍্যাগিং-এর ঘটনা ঘটে, ছাত্র-ছাত্রী যেন তৎক্ষনাৎ মহাবিদ্যালয় কতৃপক্ষকে সেই ঘটনা সম্বন্ধে অবহিত করে।

✪ বিজ্ঞান বিভাগের পাশ কোর্সে ভর্তির নিয়মাবলীঃ

➢ ✪ **[CBCS (Choice Based Credit System)** চালু হওয়ার ফলে বিজ্ঞান **(Pure Science)** ও জীব বিজ্ঞান **(BIO Science)** বিভাগের পাশ কোর্সের কম্বিনেশন সাবজেক্টগুলি পরে কলেজে ভর্তির সময় জানানো হবে। **]**

➢ বিজ্ঞান বিভাগের Pure Science পাশ কোর্সে ভর্তির জন্য Online-এ মেধাতালিকা (Merit List) প্রস্তুত করা হবে। ওই মেধাতালিকা অনুসারে Pure Science পাশ কোর্সে ভর্তি করা হবে। বিজ্ঞান বিভাগের পাশ কোর্সে ভর্তির জন্য ৩,৫০০/- টাকা লাগবে।

➢ বিজ্ঞান বিভাগের BIO Science পাশ কোর্সে ভর্তির জন্য Online-এ মেধাতালিকা (Merit List) প্রস্তুত করা হবে। ওই মেধাতালিকা অনুসারে BIO Science পাশ কোর্সে ভর্তি করা হবে। বিজ্ঞান বিভাগের BIO Science পাশ কোর্সে ভর্তির জন্য ৪,৫০০/- টাকা লাগবে।

বাণিজ্য বিভাগের পাশ কোর্সে ভর্তির নিয়মাবলীঃ

➢ বাণিজ্য বিভাগের পাশ কোর্সে ভর্তির জন্য Online-এ মেধাতালিকা (Merit List) প্রস্তুত করা হবে। ওই মেধাতালিকা অনুসারে ভর্তি করা হবে। বাণিজ্য বিভাগের পাশ কোর্সে ভর্তির জন্য ২,৮০০/- টাকা লাগবে।

কলা বিভাগের পাশ কোর্সে ভর্তির নিয়মাবলী :

➢ কলা বিভাগের পাশ কোর্সে ভর্তির জন্য Online-এ মেধাতালিকা (Merit List) প্রস্তুত করা হবে। ওই মেধাতালিকা অনুসারে ভর্তি করা হবে। সাধারণ ভাবে (ভূগোল বা ফিজিক্যাল এডুকেশন বাদ দিয়ে) কলা বিভাগের পাশ কোর্সে ভর্তির জন্য ২,৮০০/- টাকা লাগবে।

➢ কলা বিভাগের পাশ কোর্সে Physical Education বিষয়টি রাখলে অতিরিক্ত Dept. Dev. Fee ফি লাগবে, এ ছাড়া এডুকেশন পাশ কোর্স, মিউজিক পাশ কোর্স এবং Environmental Science পাশ কোর্সে Dept. Dev. Fee ফি লাগবে।

Principal